



## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme (Only for Female Candidates) 3rd Semester Examination, 2023-24

## BNGLCOR01T-BENGALI (MIL)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। বাংলা গদ্যের বিকাশে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান বিষয়ে লেখো। ১০  
অথবা  
বাংলা সাহিত্য ও ভাষার বিকাশে 'দিগ্‌দর্শন' এবং 'তত্ত্ববোধিনী' পত্রিকা দুটির ভূমিকা আলোচনা করো। ৫+৫
- ২। নকশার সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে সেই লক্ষণগুলি কীভাবে প্রতিফলিত হয়েছে, তা বুঝিয়ে দাও। ৪+৬  
অথবা  
'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে সেকালের বারোয়ারি পূজার যে চিত্র ফুটে উঠেছে, তার বর্ণনা দাও। ১০
- ৩। উনিশ শতকের কাব্য কবিতার ইতিহাসে স্বর্ণকুমারী দেবীর অবদান আলোচনা করো। ১০  
অথবা  
বাংলা কাব্য সাহিত্যে 'যুগসন্ধির কবি' কাকে বলা হয়? তাঁর কবি প্রতিভার পরিচয় দাও। ১+৯
- ৪। 'চতুর্দশপদী কবিতাবলী'র অন্তর্গত তোমার পাঠ্য সনেটগুলি অবলম্বনে মধুসূদন দত্তের 'সনেট'-এর বৈশিষ্ট্য ও তাঁর রচিত সনেটগুলির গঠন সম্পর্কে আলোচনা করো। ১০  
অথবা  
'চতুর্দশপদী কবিতাবলী'-এর অন্তর্গত 'বঙ্গভাষা' সনেটে কবির বাংলা ভাষা ও সাহিত্যের প্রতি যে ভালোবাসা প্রকাশ পেয়েছে, তা নিজের ভাষায় লেখো। ১০
- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২ = ১০  
(ক) টীকা লেখোঃ শ্রীরামপুর মিশন। ৫  
(খ) হুতোম বর্ণিত সেকালের চড়ক পার্বণের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫  
(গ) টীকা লেখোঃ সারদামঙ্গল কাব্য। ৫  
(ঘ) "বহু দেশ দেখিয়াছি বহু নদ-দলে" – কোন্ কবিতার অংশ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

—x—